

ছাত্রলীগের হামলায় আহত ১ ছাত্রদল কর্মী তাবিতে সহাবস্থান নিশ্চিতের দাবিতে ছাত্রদলের বিক্ষোভ

ঢাকা রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ে সহাবস্থান নিশ্চিত করার দাবি জানিয়েছে বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল। এ দাবিতে তারা গতকাল দুপুরে ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল ও নমাবেশ করে। এর আগে ছাত্রলীগের হামলায় এক ছাত্রদল কর্মী আহত হয়।

ছাত্রদলের নেতাকর্মীরা গতকাল সকাল সাড়ে ১১টায় বিশ্ববিদ্যালয়ের বধূর ক্যাটিনে মিলিত হয়। সেখানে নেতাকর্মীদের সংক্ষিপ্ত মতবিনিময় শেষে ক্যাটিন সংলগ্ন আমডঙ্গা থেকে বিক্ষোভ মিছিল শুরু করে। মিছিলটি ক্যাম্পাসের বিভিন্ন রাস্তা প্রদক্ষিণ শেষে অপরাহ্নে বাংলাদেশ পদদেশে এসে জমায়েত হয়। ঢারি শাখা ছাত্রদলের সভাপতি হাসান মামুনের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম ফিরোজের

পরিচালনায় সেখানে তারা একটি সংক্ষিপ্ত সমাবেশ করে। সমাবেশে বক্তারা অভিযোগ করেন, ২৯ ডিসেম্বরের নির্বাচনে মন্ত্রকোটের বিজয়ে পর থেকেই ছাত্রলীগ সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে হুমসী, ভাংচুর, লুট ও হল দুখনের রাজনীতি শুরু করেছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ে তারা ছাত্রদলসহ অনেক সাধারণ শিক্ষার্থীকে হল থেকে বের করে দিয়েছে। প্রতিদিনই ছাত্রলীগের সহ্যাদীদের হামলায় আহত হচ্ছে ছাত্রদলের অসংখ্য নেতাকর্মী। নেতারা বলেন, অবিলম্বে হল ও ক্যাম্পাসে সহাবস্থান নিশ্চিত করে শিক্ষার সুস্থ পরিবেশ ফিরিয়ে না আনা হলে ছাত্রদল তাদের ক্ষমতা অনুযায়ী এর প্রতিরোধ করবে। তারা কতিপয় শিক্ষার্থীদের অভিপূরণ দেয়ারও দাবি জানান।